

ঈদের দিনেও অনশন করবেন প্যানেলভুক্ত শিক্ষকরা

■ ইত্তেফাক রিপোর্ট

সদ্য জাতীয়করণকৃত বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগের দাখিলে ঈদের দিনেও অনশন করবসুচিতে থাকবেন প্যানেলভুক্ত শিক্ষকরা। ঢাকার বাইরে থেকে আসা বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের পড়াধিক শিক্ষক নিয়মিত সোহাগ ওয়ারী উদ্যানের শিখা চিরতনের সামনে অনশন করবসুচি পালন করছেন।

আন্দোলনরত শিক্ষকরা জানান, ২০১০ সালের ২২ এপ্রিল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পরে ২০১২ সালের ৯ এপ্রিল তাদের বৌদ্ধিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। তখন ১৪ হাজার শিক্ষককে নিয়োগ দেয়া হলেও ২৬ হাজার শিক্ষককে প্যানেলভুক্ত করে রাখা হয়।

আন্দোলনরত শিক্ষকরা বলেন, আমাদের অধিকাংশের সরকারি চাকরির বয়স ইতিমধ্যে পার হয়ে গেছে। ২৬ হাজার রেজিস্টার্ড ও রীকুতিপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ে জাতীয়করণ হওয়ার পর প্রতিটি বিদ্যালয়ে আরো একজন শিক্ষকের প্রয়োজন হবে। আমাদের এ প্যানেল থেকে সহজেই নিয়োগ দেয়া যায়। আমরা মকস প্রকার পরীক্ষায় উত্তীর্ণ হয়েই প্যানেলভুক্ত হয়েছি। শিক্ষকরা বলেন, প্রায় একটি বছর আমরা বিভিন্ন করবসুচি পালন করেছি। পুলিশের নির্বন নির্ধাতন সহ করেছি। সরকার আমাদের দাবি না মানা পর্যন্ত আয়রণ-অনশন চালিয়ে যাবে। নিয়োগ ছাড়া বাড়ি ফিরে যাবে না।

ঐক্যদেহের সাধারণ সম্পাদক নাজমুল হক বলেন, ঈদে সবাই বাড়ি গেলেও আমরা এখানে থেকেই অনশন করবসুচি পালন করবো। ঈদের পর এখানে দেশের প্যানেলভুক্ত সব শিক্ষক উপস্থিত হবেন। ওই সময় আমরা মহাসমাবেশ করবো।